# MODEL QUESTION

## Class - XI : SOCIOLOGY : Half-yearly Exam. : 2022-23 : Marks - 80

**I. সঠিক উত্তরটি বাছাই কর :-** 1x10=10

1. সমাজতত্ত্বে আলোকপাত করা হয় –
   (ক) ব্যক্তিবর্গের মধ্যে মিথষ্ক্রিয়াকে (খ) পাশবিক আচরণকে
   (গ) পরিবেশকে (ঘ) শান্তি এবং দ্বন্দ্বকে

2. সমাজকে কিভাবে দেখা হয় –
   (ক) জাতি এবং শ্রেণীর ভিত্তিতে (খ) সামাজিক স্তরবিন্যাসের ভিত্তিতে
   (গ) সরল সমাজ হিসেবে (ঘ) ভিন্ন ভিন্ন অংশের একটি পদ্ধতি

3. সামাজিক নিয়ন্ত্রণ সমাজে ———— নিয়ে আসে।
   (ক) সামাজিক শৃঙ্খলা (খ) বহিষ্কার
   (গ) অবমাননা (ঘ) বিদ্রোহ

4. ইতিহাস আলোচনা করে –
   (ক) বর্তমান সমাজ নিয়ে (খ) লিঙ্গ-সম্পর্ক
   (গ) বেশীরভাগ অতীতকে নিয়ে (ঘ) সামাজিক ধরণ

5. ব্যক্তি সমাজে অবস্থান করে কিসের সাহায্যে ?
   (ক) বস্তুগত লাভের (খ) আধ্যাত্মিক লাভের
   (গ) সদস্যদের মধ্যে দ্বন্দ্বের (ঘ) সদস্যদের মধ্যে মিথষ্ক্রিয়া ও যোগাযোগের

6. যে ব্যবস্থার দ্বারা সমাজকে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং সূদ্র - এইভাবে ভাগ করা হয়েছে তাকে বলা হয় ———— ।
   (ক) বর্ণ ব্যবস্থা (খ) শ্রেণী ব্যবস্থা
   (গ) মর্যাদা (ঘ) জাতি ব্যবস্থা

7. পিয়ার পোষ্ঠী হল একটি –
   (ক) প্রাথমিক গোষ্ঠী (খ) গৌণ গোষ্ঠী
   (গ) সংঘ (ঘ) দল

8. জাতি ব্যবস্থায় ‘পঞ্চমা’ (Panchamas) দের গণ্য করা হয় –
   (ক) অস্পৃশ্য হিসেবে (খ) বৈশ্য হিসেবে
   (গ) শূত্র হিসেবে (ঘ) ক্ষত্রিয় হিসেবে

9. যে আত্মীয়রা রক্তের সম্পর্কে সম্পর্কিত তাদের কি বলা হয় ?
   (ক) বিবাহ সম্পর্কের আত্মীয় (খ) রক্তের সম্পর্কের আত্মীয়
   (গ) ধর্মের সম্পর্কের আত্মীয় (ঘ) কোনটাই না

10. সমাজে আমাদের ভূমিকা ও দায়িত্ব পালনের জন্য প্রস্তুত করে –
    (ক) ব্যবহার (খ) শারীরিক বৃদ্ধি
    (গ) অর্থ (ঘ) শিক্ষা

[ Contd...P/2 ]

**II. নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও (এক শব্দে/বাক্যে) :-** 1x20=20

11. কোন প্রক্রিয়ার মাধ্যমে অসহায় শিশু ক্রমে আত্মসচেতন, জ্ঞানী ও তার নিজের সাংস্কৃতিক পদ্ধতিগুলোতে দক্ষ হয়ে ওঠে ?
12. একটি জীবন যাত্রার ধরণ - যাতে সমাজের সমস্ত সদস্য অংশ গ্রহণ করে, সেটার নাম কি ?
13. একটি শিশুর সামাজিক হয়ে ওঠার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রাথমিক সামাজিকীকরণের মাধ্যম কোন্‌টি ?
14. যে পদ্ধতির মাধ্যমে সমাজ তার সংস্কৃতির প্রকৃতিকে পরিবর্তন করে, তার নাম কি ?
15. একটি গণমাধ্যমের নাম লেখ।
16. ঈশ্বরকে সম্মান জানানোর জন্য প্রদীপ বা মোমবাতি জ্বালানো কিসের সঙ্গে জড়িত ?
17. শিক্ষা কি ধরণের প্রক্রিয়া ?
18. সরল বা প্রাক্-আধুনিক সমাজের মানুষের পেশা সাধারণত কি ছিল ?
19. বহুবিবাহ কি ?
20. একটি মাতৃতান্ত্রিক সমাজের উদাহরণ দাও।
21. একটি অবৈতনিক কাজের নাম লেখ।
22. অবিধিবদ্ধ সামাজিক প্রতিষ্ঠানের একটি উদাহরণ দাও।
23. 'Honour Killing' কি ?
24. এক বা একাধিক মর্যাদার সঙ্গে সংযুক্ত ভূমিকাগুলোর মধ্যে অসংগতি দেখা গেলে সেটাকে কি বলা হয় ?
25. প্রচরণকারীদের কোন্ গোষ্ঠী হিসেবে দেখা হয় ?
26. অন্তর্গোষ্ঠীর পরিচায়ক কি ?
27. সমসাময়িক বিশ্বব্যাপী প্রক্রিয়াগুলোর প্রবণতা বা ঝোঁক কি ?
28. মনোবিজ্ঞানকে কিসের বিজ্ঞান হিসেবে সংজ্ঞায়িত করা হয় ?
29. পাশ্চাত্যের লেখকরা ভারতীয় সমাজকে অতি সামান্য পরিমাণ টুকরো বা সংখ্যা অথবা টিকে থাকা হিসেবে দেখে কি নামে উল্লেখ করেছিল ?
30. 1948 সালে রামপুরা অধ্যয়ন করেছিলেন কোন ভারতীয় সমাজতত্ত্ববিদ ?

**III. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও (প্রতিটি 20 শব্দের মধ্যে) :-** 2x5=10

31. সমাজতত্ত্ব ও রাষ্ট্রবিজ্ঞানের দু'টি পার্থক্য লেখ।
32. ছকে বাঁধা ভূমিকা বলতে কি বুঝ ?
33. কার্যবাদী দৃষ্টিভঙ্গিতে সামাজিক নিয়ন্ত্রণ বলতে কি বুঝায় ?
34. জাতীয়তাবাদ কি ?
35. পরিবার বলতে কি বুঝ ?

**IV. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও :-** 3x2=6

36. সংস্কৃতির বিভিন্ন মাত্রা কি কি ?
37. ধর্মের বৈশিষ্ট্যগুলো লেখ।

**[ Contd...P/3 ]**

**V. উত্তর দাও :-** 4x6=24

38. 'শিক্ষা একটি জীবনব্যাপী প্রক্রিয়া' – আলোচনা কর।

39. কাজের রূপান্তর সম্পর্কে যা জান লিখ।

40. কীভাবে লিঙ্গভেদে সামাজিকীকরণ ঘটে ?

41. সঙ্গীসাথী বা সমকক্ষ ব্যক্তিবর্গ কিভাবে সামাজিকীকরণের মাধ্যম হয়ে ওঠে ?

42. বিবাহের প্রকারভেদগুলো লেখ।

43. ব্যক্তিনিষ্ঠ সমাজ ও সমষ্ঠিগত সমাজের পার্থক্য লেখ।

**VI. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-** 5x2=10

44. কেন সমাজতত্ত্বে আমাদের বিশেষ শব্দ এবং ধারণার ব্যবহার করা প্রয়োজন ?

***অথবা***

সামাজিক গোষ্ঠীগুলোকে সমাজতাত্ত্বিক দৃষ্টিভঙ্গিতে কিভাবে দেখবে ?

45. সামাজিকীকরণ কিভাবে ব্যক্তি স্বাধীনতায় সাহায্য করে ?

***অথবা***

এথনোসেন্ট্রিজম সম্পর্কে আলোচনা কর।

# MODEL QUESTION

## Class - XI : SOCIOLOGY : Annual Exam. : 2022-23 : Marks - 80

**I. সঠিক উত্তরটি বাছাই কর :-** 1x10=10

1. কোন্ পটভূমিকার ক্ষেত্রে ব্যক্তি এবং সমাজের সম্পর্ক সংক্রান্ত বোঝাপড়া একটি গুরুত্বপূর্ণ বিষয় ?
   (ক) সামাজিক (খ) পারিবারিক
   (গ) ব্যক্তিগত (ঘ) সবগুলোই

2. সমাজ হল একটি ———— ব্যবস্থা ।
   (ক) এলোমেলো (খ) কাঠামোকৃত
   (গ) সহযোগিতামূলক (ঘ) দ্বন্দ্বমূলক

3. কার যুক্তিতে সমাজ প্রতিটি ব্যক্তির উপর প্রভাব বিস্তার করে থাকে ?
   (ক) ম্যাক্স ওয়েবার (খ) কার্ল মার্কস
   (গ) দুর্খেইম (ঘ) C.W. Mills

4. কোন্ সমাজতাত্ত্বিক সামাজিক কাঠামোর বাঁধার উপর গুরুত্ব প্রদান করেন ?
   (ক) C.W. Mills (খ) কার্ল মার্কস
   (গ) ম্যাক্স ওয়েবার (ঘ) দুর্খেইম

5. যে পরিবর্তন দীর্ঘ সময় ধরে ধীর গতিতে চলতে থাকে তাকে ———— বলা হয়।
   (ক) পরিবর্তন (খ) সংগ্রাম
   (গ) বিবর্তন (ঘ) কোনটাই নয়

6. শৈশব জীবনের একটি গুরুত্বপূর্ণ এবং বিশেষ সময়, এই ধারণাটি কখন সমাজকে প্রভাবিত করে ?
   (ক) ঊনবিংশ শতাব্দীতে (খ) বিংশ শতাব্দীতে
   (গ) ঊনবিংশ এবং বিংশ শতাব্দীর শুরুতে (ঘ) কখনও প্রভাবিত করে নি

7. ———— শ্রেণী সংগ্রামের প্রবক্তা ছিলেন।
   (ক) মার্ক্স (খ) দুর্খেইম
   (গ) ম্যাক্স ওয়েবার (ঘ) সবাই

8. ইমাইল দুর্খেইম কত সালে প্রথম সমাজতত্ত্বের অধ্যাপক রূপে পাঠদান শুরু করেন ?
   (ক) 1913 (খ) 1915
   (গ) 1917 (ঘ) 1920

9. 'Caste and Race in India' বইটি কার লেখা ?
   (ক) জি.এম. ঘুরে (খ) এম.এন. শ্রীনিবাস
   (গ) ডি.পি. মুখার্জী (ঘ) এ.আর. দেশাই

10. কোন সময়কালে শহুরে ভারতীয়দের মধ্যে গ্রামীণ অধ্যয়নের প্রতি গভীর আগ্রহ দেখা গেছিল ?
   (ক) 1950 এর দশকে (খ) 1960 এর দশকে
   (গ) 1980 এর দশকে (ঘ) 1970 এর দশকে

[ Contd...P/2 ]

**II. নিচের প্রশ্নগুলোর উত্তর একটি শব্দে অথবা পূর্ণ বাক্যে লেখো :-** 1x20=20

11. আধুনিক সমাজে স্তরবিন্যাসের মূল ভিত্তি কি ?
12. দুর্খেইম কোন্ দুইটি একতার পার্থক্য স্পষ্ট করেন ?
13. বিবর্তনের পরিবর্তনের তুলনায় দ্রুত এবং হঠাৎ ঘটা পরিবর্তনকে কি বলা হয় ?
14. সামাজিক পরিবর্তনের উৎস বা কারণ কয় রকমের ?
15. মরুভূমি অঞ্চলে বসবাসকারীদের পক্ষে কোন্ ধরণের কৃষি করা সম্ভবপর ছিল না ?
16. ভারতে কত সালে রেলপথের শুরু হয় ?
17. দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমেরিকা কোন্ দেশের উপর বিজয় লাভ করে ?
18. 'প্রভাবশালী জাতি' আখ্যাটি কে প্রথম প্রয়োগ করেছিলেন ?
19. কার্ল মার্ক্স কোন্ জায়গার নিবাসী ছিলেন ?
20. আদিম সাম্যবাদী ব্যবস্থায় উৎপাদনের পদ্ধতি মূলত কিসের উপর নির্ভরশীল ছিল ?
21. 'শ্রেণী চেতনা' কখন বিকশিত হয় ?
22. দুর্খেইমের লেখা প্রথম বই কোন্‌টি ?
23. যান্ত্রিক একতার উপর নির্ভরশীল সমাজগুলোতে কোন্ ধরণের আইন লক্ষ্য করা যায় ?
24. ওয়েবার বস্তুনিষ্ঠতাকে কি বলে আখ্যায়িত করেছেন ?
25. ভারতবর্ষে সমাজতত্বের আনুষ্ঠানিক শিক্ষা কতসালে শুরু হয় ?
26. ভারতের সর্বপ্রথম এবং সুপরিচিত নৃতত্ত্ববিদ কে ছিলেন ?
27. প্রথম স্বশিক্ষিত নৃতত্ত্ববিদ কে ছিলেন ?
28. ওরাও উপাজাতিরা কোথায় বসবাস করে ?
29. কত সালে ডি.পি. মুখার্জীর জন্ম হয় ?
30. 'Introduction of Indian Music' - বইটি কার লেখা ?

**III. নিচের প্রশ্নগুলোর অতি সংক্ষিপ্ত উত্তর দাও :-** 2x5=10

31. সামাজিক মর্যাদা বলতে কি বুঝ ?
32. সামাজিক পরিবর্তন কী ?
33. মূল্যবোধ কি ?
34. Bonded labour বলতে কি বুঝ ?
35. মানবমিতি কি ?

**IV. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও :-** 3x2=6

36. 'জীবিত ঐতিহ্য' কথাটির দ্বারা ডি.পি. মুখার্জী কি বুঝাতে চেয়েছেন ?
37. উৎপাদনের মাধ্যমের বিভিন্ন উপাদানগুলো কি কি ?

**[ Contd...P/3 ]**

**V. উত্তর দাও :-** 4x6=24

38. মার্ক্স এবং ওয়েবার ভারতবর্ষ সম্পর্কে কি লিখে গেছেন ?

39. সামাজিক তথ্য কি ? আমরা কিভাবে তাকে চিহ্নিত করবো ?

40. আমলাতান্ত্রিক সংগঠনের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর ।

41. ভারতীয় সংস্কৃতি এবং সমাজের বৈশিষ্ট্যগুলো কী ?

42. ভারতীয় গ্রাম এবং গ্রামীণ সমাজের প্রতি এম.এন. শ্রীনিবাসের চিন্তাধারা আলোচনা কর।

43. দ্বন্দ্ব কিভাবে সমাধান করা যেতে পারে এই বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা কর।

*অথবা*

সামাজিক পরিবর্তনকে অন্যান্য পরিবর্তন থেকে কিভাবে পৃথক করা যায় ?

**VI. উত্তর দাও :-** 5x2=10

44. নগরীয় এলাকার সামাজিক ব্যবস্থাকে বজায় রাখতে কী ধরণের প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয় ?

*অথবা*

প্রভাব, কর্তৃত্ব এবং আইনের তুলনামূলক আলোচনা কর।

45. ভারতে জাতি এবং বর্ণের সম্পর্কের মধ্যে হারবার্ট রিসলে এবং জি.এস. ঘুরের অবস্থানের রূপরেখা দাও।

*অথবা*

এ.আর. দেশাইর দেওয়া কল্যাণকামী রাষ্ট্রের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর।